

# ‘সাদিক কায়েম পাকিস্তানি’ স্লোগান দেওয়া আমার ঠিক হয়নি : মেঘমল্লার বসু

অনলাইন ডেক্স



সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ছাত্র ইউনিয়নের একাংশের সভাপতি

মেঘমল্লার বসু বলেছেন, ‘সাদিক কায়েম পাকিস্তানি’ স্লোগানটি

রাজনৈতিকভাবে ইনকারেন্ট। এই স্লোগান দেওয়া আমার ঠিক হয়

নাই। ইট ওয়াজ বিনিখ মি (হীনবোধ)।

মঙ্গলবার (৫ আগস্ট) রাতে নিজের ফেসবুক পোষ্টে এ কথা বলেন

তিনি।

মেঘমল্লার বসু আরো লেখেন, ‘ভবিষ্যতে এই প্রজন্মের শিবিরের

নেতাদের নিয়ে এহেন স্লোগান দেওয়া থেকে বিরত থাকব।

কমরেডরাও সচেতন থাইকেন। বাকি যা করসি বেশ করসি, আরও

করব।’

ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসিতে ইসলামী ছাত্রশিবিরের একটি  
আয়োজনে মানবতাবিরোধী অপরাধের মামলায় দণ্ডিতদের ছবি  
প্রদর্শন নিয়ে এদিন সন্ধ্যায় বিক্ষোভ মিছিল করে বাম ছাত্র  
সংগঠনগুলো।

ওই সময় রাজাকার ও জামায়াত-শিবিরবিরোধী বিভিন্ন স্লোগানের  
পাশাপাশি জুলাই অভ্যর্থনে ভূমিকা রাখা সাদিক কায়েমের  
বিরুদ্ধেও স্লোগান দেয় তারা।

সাদিক কায়েম ছাত্রশিবিরের ঢাবি শাখার সাবেক সভাপতি এবং  
বর্তমানে কেন্দ্রীয় নেতা।